



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রাজ-১২৮/২০১৭/ ৩৫১১০

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬


অফিস আদেশ

ইসলামপুর গুনাইহাটি ফাজিল মাদরাসা, ডাকঘর: হারোয়া, উপজেলা: বড়াইগ্রাম, জেলা: নাটোর-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ১১-০৮-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি: ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিত্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ১২-০৮-২০২৫ থেকে ১১-০৮-২০২৮ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ফাজিলসহ প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি এবং শিক্ষার্থীদের দৈনন্দিন উপস্থিতি নিশ্চিত করতে হবে;
২. সকল শ্রেণির ফলাফলের মান বৃদ্ধির পাশাপাশি অকৃতকার্য শিক্ষার্থীদের বিশেষভাবে যত্ন নিতে হবে;
৩. আরবি ভাষা, ব্যাকরণ ও বিশুদ্ধভাবে পবিত্র কুরআন তিলাওয়াত এবং আরবি কথন, লিখন, শ্রবণ ও বুঝার ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে দক্ষ করার বিষয়ে আরো জোর দিতে হবে;
৪. মাদরাসার সকল জমির খারিজ/নামজারি আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে সম্পন্ন করে খারিজের কপি ও খাজনা পরিশোধের হালনাগাদ কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে;
৫. মাদরাসার শিক্ষক ও কর্মচারীদের সরকারি/স্ব-উদ্যোগে/ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
৬. লাইব্রেরিতে প্রতি শিক্ষাবর্ষে কমপক্ষে ৭০টি করে বিভিন্ন তথ্য-প্রযুক্তি ও রেফারেন্স বই ক্রয়/সংগ্রহ এবং শিক্ষক-শিক্ষার্থীদের দৈনিক লাইব্রেরি ব্যবহার নিশ্চিত করতে হবে;
৭. অফিসিয়াল কাগজে ফ্লুইড ব্যবহার করা যাবে না এবং আয়-ব্যয়ের হিসাব ছাপাকৃত রশিদে থাকতে হবে;
৮. বিল, ভাউচার, ক্যাশ বই সঠিকভাবে লিপিবদ্ধ করে সকল আর্থিক খরচ উপ-কমিটির সুপারিশসহ গভর্ণিং বডির অনুমোদন নিতে হবে এবং যাবতীয় আয়-ব্যয় সরকারি বিধি-বিধান অনুযায়ী পতিপালন করতে হবে;
৯. মাদরাসার যাবতীয় আয়-ব্যয় অর্থ ও ক্রয় উপ-কমিটি, অভ্যন্তরীণ অডিট উপ-কমিটি, উন্নয়ন উপ-কমিটি, বেতন ও ফি আদায় উপ-কমিটি এবং শিখন অর্জন মূল্যায়ন উপ-কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে;
১০. মাদরাসায় নিম্নলিখিত রেজিস্টারসমূহ অবশ্যই রাখতে হবে এবং সে অনুযায়ী অফিস পরিচালনা করতে হবে; (ক) সাধারণ ক্যাশ বহি; (খ) সাবসিডিয়ারী তহবিল রেজিস্টার; (গ) স্টক রেজিস্টার; (ঘ) ভর্তি বহি; (ঙ) শিক্ষক এবং কর্মচারী হাজিরা খাতা; (চ) ছুটি রেজিস্টার; (ছ) শিক্ষার্থী হাজিরা খাতা; (জ) বেতন প্রদান বহি; (ঝ) শিক্ষক এবং কর্মচারী নিয়োগ রেজিস্টার; (ঞ) শিক্ষার্থী বেতন আদায় বহি; (ট) শিক্ষার্থী বদলীপত্র রেজিস্টার; (ঠ) পরীক্ষার ফলাফল বহি; (ড) শিক্ষক/কর্মচারীর ব্যক্তিগত ফাইল; (ঢ) নোটিশ বহি; (ণ) পরিচালনা কমিটির সভার কার্যবলী বহি; (ত) স্থায়ী সম্পদের রেজিস্টার (থ) অন্যান্য রেজিস্টারসমূহ;
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


(প্রফেসর ড. হুসাইন আহম্মদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, ইসলামপুর গুনাইহাটি ফাজিল মাদরাসা


ডাকঘর: হারোয়া, উপজেলা: বড়াইগ্রাম, জেলা: নাটোর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রাজ-১২৮/২০১৭/ ৩৫১১০(০৭)

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, ইসলামপুর গুনাইহাটি ফাজিল মাদরাসা, ডাকঘর: হারোয়া, উপজেলা: বড়াইগ্রাম, জেলা: নাটোর।
৭. অফিস নথি।


(আরিফ আহম্মদ) ০৭.১০.২০২৬
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫